

পদ্মিনী অভিনীত প্রথম বাংলা ছবি
হরপার্বতী
ইস্টম্যানকলার

মাদ্রাজ সিনে ল্যাবরেটরী নিবেদিত

মহাকবি কালিদাসের কুমারসম্ভব অবলম্বনে পদ্মিনী অভিনীত প্রথম বাংলা ছবি

# হরপার্বতী



প্রযোজনা : ধীরেন দাশগুপ্ত
পরিচালনা : উমাপ্রসাদ মৈত্র
সংগীত : সন্তোষ মুখোপাধ্যায়
সংলাপ ও গীত : শচীন্দ্র ভট্টাচার্য
সংগঠনে : বাদল দাশগুপ্ত ও ভোলা দস্তিদার
আবহ সংগীত : অলোক দে
সম্পাদনা : এস, নটরাজন
চিত্রগ্রহণ : রাজাগোপালন
নৃত্য পরিকল্পনা : গুরু গোপীনাথ
অলংকরণ : সুবোধ দাশগুপ্ত
নির্দেশনা : পি, সুব্রহ্মণ্যম্
শব্দ-গ্রহণ : পি, কার্ন্নান
সংগীত গ্রহণ : শ্যামসুন্দর ঘোষ
প্রচার পরিকল্পনা : নিকুঞ্জ পত্রী
পরিস্ফুটন : ইণ্ডিয়া ফিল্ম ল্যাবরেটরী কলকাতা
জেমিনী কলার ল্যাবরেটরী মাদ্রাজ

নেপথ্য-সংগীতে : মান্না দে, সন্ধ্যা মুখোপাধ্যায়, দেবব্রত বিশ্বাস, সুচিত্রা মিত্র, আরতি মুখোপাধ্যায় প্রসূন বন্দোপাধ্যায়, বনশ্রী সেনগুপ্ত, প্রতিমা বন্দোপাধ্যায়, চিত্তপ্রিয় মুখোপাধ্যায়, অংশুমান রায় নির্মলা মিশ্র, শিপ্রা বসু, নীতা সেন, সুমিত্রা ঘোষ পদ্মিনী দাশগুপ্ত, দিনেন্দ্র চৌধুরী, শিবানী পাল, উল্কা মতিলাল, রুণা চট্টোপাধ্যায়, মুণা মতিলাল, নিভা ঘোষ, তুষার ভঞ্জ, শমিত বসু, অমর রায় ও আরও অনেকে।


**: সহকারী :**

সংগীত : অমর রায়
শব্দগ্রহণ : জ্যোতি চট্টোপাধ্যায়, ভোলানাথ সরকার, গজেন পারিজা
সম্পাদনা : কালীপ্রসাদ রায়
হরিনারায়ণ মুখোপাধ্যায়
অলংকরণ : দিলীপ কুমার বসু

# কাহিনী

অস্তুত্তরস্যাং দিশি দেবতাত্মা হিমালয়ো নাম নগাধিরাজঃ।
পূর্ব্বাপরৌ তোয়নিধী বগাহ্য স্থিতঃ পৃথিব্যা ইব মানদণ্ড॥

সেই হিমালয় দুহিতা পার্বতী ও দেবাদিদেব মহেশ্বরের মিলন কাহিনী। শিববরে বলীয়ান মহাবল পরাক্রান্ত অতি দুর্দান্ত অসুর তারক স্বর্গরাজ্য জয় করেদেবতাদের বিতাড়িত করে দিল। দেবকন্যাদের ওপর চরম অত্যাচার করতে লাগলো। তখন দেবতারা বিশ্বস্রষ্টা ব্রহ্মার স্মরণাপন্ন হ'লে তিনি আশ্বাস দিলেন পার্বতীর গর্ভে মহাদেবের ঔরসে যে পুত্র জন্মগ্রহণ করবেন তিনিই তারকাসুরকে সংহার করে দেবতাদের মুক্তি দেবেন।



এদিকে দক্ষসুতা সতী পতীর লাঞ্ছনায় দেহত্যাগ করবার পর পর্বতরাজ হিমালয়ের কন্যারূপে জন্মগ্রহণ করলেন। তিনি পুনরায় মহাদেবকে পতিরূপে পাওয়ার আশায় মহাদেবের তপস্যায় নিমগ্ন হ'লেন।

আপনভোলা মহাদেবের কোন দিকেই ভ্রুক্ষেপ নেই, সতীর ধ্যানেই মগ্ন। তখন মহাদেব ও পার্বতীর মিলন আকাঙ্খায় দেবগণ কন্দর্পদেব মদনকে পাঠালেন তার ফুলশরে মহাদেবের ধ্যান ভাঙতে। কিন্তু তাঁর রোষকটায়িত তৃতীয় নয়নের অগ্নিশিখায় মদন হয়ে গেল ভস্ম।

মদন ভস্মের পর হিমালয় দুহিতা পার্বতী গহণ অরণ্যে অপর্ণা তপে হ'লেন প্রবৃত্ত। তাঁর তপের একনিষ্ঠতায় মুগ্ধ মহাদেব পার্বতীর আকাঙ্খা পূর্ণ করলেন তাঁকে পত্নীরূপে গ্রহণ করে।

হরপার্বতীর মিলনের ফলস্বরূপ জন্মগ্রহণ করলেন কার্তিক। দেবতারা তখন মহাদেবের নিকট প্রার্থনা করলেন কার্তিককে দেবসেনাপতিরূপে তারকাসুরের নিধন কল্পে।

মহাবল পরাক্রান্ত কার্তিক তারকাসুরকে নিহত করে দেবতাদের করলেন মুক্ত। স্বর্গরাজ্যে আবার ফিরে এলো শান্তি।

হরপার্বতীর মহামিলনে জগৎ সংসার আনন্দে উদ্বেলিত হ'য়ে উঠলো।



# সংগীত

( ১ )

নয়ন বিমোহন মধুর বসন্ত
নন্দিনী মাতে রঙ্গে
মায়া নন্দিনী মাতে রঙ্গে
স্বর্ণ পরাগরঙে রঞ্জিত নিরুপম
সুন্দরী মাতে রঙ্গে-শুভা সুন্দরী মাতে রঙ্গে ॥
ঝংকৃত মঞ্জীর রুণুঝুণু
সংগীত মুখরিত বরতনু
মানস সরোবরে মরাল গামিনী আহা
অপূর্ব রাগময় মধু ছন্দে ॥
চন্দন চর্চিত মনোহর
কটাক্ষে বঙ্কিম পঞ্চশর
পুলক আবেশভরে মধুমঞ্জরী আহা
অশোক কিংশুক চারু অঙ্গে ॥

( ২ )

হৃদিরঞ্জন তুমি ত্রিলোক বন্দিত
ধন্য মম প্রাণ চিরসাথী।
তন্ময় মন মম অধীর আবেগে
কল্লোলিনী সম নির্ঝরিণী প্রিয় চিরসাথী।
চন্দ্রিকা চন্দন মধু অঙ্গ সৌরভ
গন্ধমদির লতা পাতায় ফুলে,
মরিলো মরিলো মরি পুলক রাখিতে নারি
বসন্ত হিল্লোল প্রিয় লাজে শিহরি।
মত্ত মধুকর মুকুলিত কমল
মোহ মদির দেহবীণার তারে।
মরিলো মরিলো মরি শরম রাখিতে নারি
মদনশরে পুষ্প আবেশময়ী।

( ৩ )

রবিশশী গ্রহতারা মণ্ডিত শিখর হিমাচল
শৈলাগ্র শৃঙ্গশ্রী
ভাগিরথী নির্ঝর পূত বিনম্রা প্রণতা
রাতুল চরণ চুমি।
নৃত্যধূর্জটি হস্তে ডম্বরু অবিরাম উত্তাল
ডম-ডম রব
স্তবধ্বনি ধ্রুব তালবাদ্য মধুর
সত্যম্ শিবম্ সুন্দরম্।
সত্য শিব সুন্দর বিরাজে
রুদ্র মধুর শৈল শিবশৈল
সত্য শিব সুন্দর।
চির সুন্দর ভুবনে বিভাসে
আদিম নাদ তরঙ্গ মধুময়
রোমাঞ্চ হরষিত পূর্ণ প্রাণ
মধুর দীপ্ত শুভময়।
চিরমঙ্গল প্রভাতে আভাসে
আনন্দামৃত সিক্ত প্রীতিময়
জগতস্বামী সুন্দর শোভন
জীবমাঝে শিব বিরাজো॥

( ৪ )

নারদ ॥ শৈলনন্দিনী কানন মাঝারে
মন্থর তরঙ্গময়ী
অনুরাগভরে তপশ্চারিনী
তুমি শকতি স্বরূপিনী
পরমা প্রকৃতি হরমনোরমা
জাগো অসুরনাশিনী।
পার্বতী ॥ পুণ্যবাহিনী মন্দাকিনী পদচুমি
নন্দিত তীর্থভূমি
দেবাদিদেব পর্বতশিখরে
পূজারিনী আমি গো
শিবপদ পূজারিনী আমি গো।
নারদ ॥ তন্বী শ্যামা শিখর দশনা
কুরুবক শাখা মঞ্জরী
দেবলোকে কাঁপে দানব দলনে
মাগিছে শরণ জাগো মা জননী
জাগো মা বিপদ তারিনী।
পার্বতী ॥ পূজিতে তোমারে মহেশ এনেছি
মঙ্গল কুম কুম চুয়া চন্দন
ধন্য এ জীবন ত্রিভুবনেশ্বর
নিবেদি হৃদিমন চরণে
নিবেদি হৃদিমন॥



( ৫ )

মায়া গগন বিহারিনী
মানস মোহন রূপিনী
কাম বিকার তরঙ্গিনী
মদন কুসুমিতা শোভিনী
উর্বশী হায়
মেনকা হায়
স্বর্গের মণিহার রিনি ঝিনি রিনি ঝিনি ॥
কম্পিত ফুল্ল কুসুমিত দেবতনু
কামনা চঞ্চল উচ্ছল নটিনী।
অমরাবতী পুরে মনোসরোবরে
নটিনী উচ্ছল চঞ্চল
রঙ্গিনী মদির চঞ্চল উচ্ছল ॥
নন্দন নন্দিত অমৃত মধুময়
সুবর্ণ মন্দার মাল্য
মনোবীনা তারে মধুর মৃদু মৃদু
নুপুর মধুর নুপুর
ছন্দোময় নুপুর রুণু ঝুণু ॥

( ৬ )

রতি ॥ মদিরাক্ষী আমি ভ্রমরী
উন্মাদ মধুঋতু বসন্ত
মত্ত অধীর প্রিয় পরশ লাগি।
মদন ॥ মধু লোভী ভ্রমর আমি
মধুমিতা মল্লিকা
মোহিনী রঙ্গময়ী মায়া হরিণী
রতি ॥ মধুময় কল্লোলে পুষ্পদল পল্লবে
মনোভূমি মৃগনাভি সুরভিময়
মদন ॥ রাজহংস মধুরঙ্গে যৌবন সরোবরে
সুরত চঞ্চল অঙ্গ মনোমোহিনী
রতি ॥ মন্মথ স্বপন মিতা
মদন ॥ রতি মন্মথ স্বপন মিতা…আ…
রতি ॥ মর্মরি মঞ্জরী মধুছন্দ হিল্লোলে
মরি মরি কোথা তুমি হৃদয় হিন্দোল
মদন ॥ থরো থরো কম্পিত
দেহমন শিহরিত
কামমোহিতচিত মধু ভ্রমরী।
রতি ॥ মন্মথ স্বপনমিতা
মদন ॥ রতি মন্মথ স্বপনমিতা…আ…

( ৭ )

প্রিয়সখী গঙ্গে বল না
প্রিয় মম কেন আসে না।
হিমগিরি সখী মোর বল না হায়
প্রিয়তম কেন ডাকে না ॥
মানস সরসীতে ওঠে তরঙ্গ
মায়া যবনিকা কেন জীবনে
পিক কুহু কুহু তানে বাসনা মুকুলিত
প্রণয় পরশ মাগি মন মানে না।
প্রিয়সখী মোরে বল না
প্রিয় মম কেন আসে না,।
বনতরু বল মোরে বল না
হৃদয়েশ্বর আসে না।
মন্দ মধুর মলয় সমীরণে
মন চঞ্চল হায় প্রিয় বিরহে।
তনুমন উতরোল থরথর শিহরে
কাটে না যে যামিনী প্রিয় বিহনে ॥

( ৮ )

জয় জয় জয় হে
হে শিবশঙ্কর ত্রিভুবনেশ্বর নম নম নম হে
তুষার মৌলী হিমাচলগিরি তোমার প্রহরী
অসীম সিন্ধু লহরে তব আশাবরী
বন্দনা করে চন্দ্র তপন নীল অম্বর হে ॥
রজত গিরি নিভ ধ্যান মগন দেবাদিদেব হে
ত্রিপুর নাশন রুদ্রতাণ্ডব নটরাজ হে
পার্বতী প্রিয় পরম ঈশ্বর জয় জয় জয় হে ॥

( ৯ )

অরূপ শুভময় শিবশক্তিময়
অমৃত সুমধুর আনন্দময়
অরূপ শিবময় হে।
মঙ্গল মধুময় অনন্ত অসীম
সত্য প্রেমময় মহেশ্বর
ওঙ্কার মন্ত্র তরঙ্গময়
এসো হে মম রুদ্রমধুর ॥
মুগ্ধ নয়ন মম পুলকিত মোহিত
বিরাজো সুন্দর অন্তরে
শিবনাম জপমালা গগনে বিভাসে
অমৃত মন্ত্র ছন্দমধুর।
আনন্দময় তরঙ্গ মধুময়
করুণাঘন হে মধুর
সত্য শিব সুন্দর রূপে
নিখিলে বিরাজো শিব সুন্দর ॥


( ১০ )

ওম্ ওম্ ওম্
ওঙ্কারম ওঙ্কারম
আদিম মন্ত্র অনুস্বর মন্ত্র
নাদব্রহ্ম বীজাক্ষর মন্ত্র
ওম্ ওম্।
হের ভুবন ললিত ছন্দোময়
শিহরায় লহরায় তন্ময় মন্ময়
মধুময় চিদানন্দ মন্ত্র।
প্রপঞ্চ সৃষ্টি স্থিতি লয় মন্ত্র
পুণরুজ্জীবন মন্ত্র।
সৌররশ্মি তরঙ্গিত গীতিময়
অম্বরে নীলিমায় রূপময় ভাবময়
ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর মন্ত্র।
অনন্ত কোটি যুগ যুগ জপমালা
প্রণব মনোহর মন্ত্র।
ওম্ ওম্ ওম্

( ১১ )

দুর্গা দুর্গতি নাশিনী প্রণমি
জাগো মা শক্তি দায়িনী জননী জননী জননী।
জাগো মা জননী শোনিত তরঙ্গে
দানবদলনী রণরঙ্গে
আর সহে না গো মা সহে না সহে না
জাগো মাগো-সন্তাপ হারিনী
জাগো মা গো॥
তুমি মা অভয়া ভয় কি আমার
গৌরীশংকর চিত মনোরমা
নাশো মা দানবে নৃমুণ্ড মালিনী
জাগো মা গো সংকট নাশিনী
জাগো মা গো॥






মাদ্রাজ সিনে ল্যাবরেটরী ৩, সাকলাৎ প্লেস, কলিকাতা-১৩ থেকে সম্পাদিত ও প্রকাশিত।
ন্যাশনাল আর্ট প্রেস, ১৫৭এ, লেনিন সরণি, কলিকাতা-১৩ থেকে মুদ্রিত।